

৩৭.কে মৃত্যুর জন্য আমার নিকট বাইয়াত গ্রহন করবে?

ইকরামা ইবনে আবু জাহাল (রাঃ) এমন সাহসিকতার সাথে ইয়ারমুকের যুদ্ধে যুদ্ধ করছিলেন যা অকল্পনীয়! তিনি খালিদ বিন ওয়ালিদ (রাঃ) এর তাবুর সামনে দাঁড়িয়ে চিৎকার করে বলতেন -

**"কে আমার হাতে মৃত্যুর বাইয়াত গ্রহন করবে? কে আমার হাতে মৃত্যুর বাইয়াত গ্রহন করবে?"**

ইকরামা (রাঃ) একাই শত্রুর সারির ভিতরে ঢুকে যেতেন আর শত্রু সারি ছিন্ন ভিন্ন করে, শত্রু কে জখম করে, হত্যা করে বেরিয়ে আসতেন। তাঁর এই অবস্থা দেখে সাহাবীরা বলতেন, ইয়া ইকরামা আপনি নিজের উপর রহম করুন!" উত্তরে ইকরামা (রাঃ) বলতেন, রাসুল (সাঃ) এর বিরুদ্ধে যুদ্ধে আমি ছিলাম দুর্বীর এবং সাহসী, এখন রাসুল (সাঃ) এর শত্রুদের বিরুদ্ধে আমি কি আরো বেশি দুর্বীর এবং সাহসী হবোনা?

ইয়ারমুকের যুদ্ধে যুদ্ধ করতে করতে ইকরামা (রাঃ) শহীদ হয়ে যান।